ভর্তি নির্দেশিকা

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্নাতক (সম্মান/ইঞ্জিঃ) ১ম বর্ষ ১ম সেমিস্টার, ২০২১-২০২২

Website: admission.sust.edu.bd

১. আবেদনের তারিখ ও সময়সীমাঃ

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (শাবিপ্রবি), সিলেট এ ভর্তির আবেদনের তারিখ ও সময়সীমা GST Website থেকে জানতে হবে।

২. আসন সংখ্যাঃ

ভর্তি প্রক্রিয়া A, B এবং C এই ৩ টি আলাদা ইউনিটে হবে। উল্লেখ্য GST পরীক্ষায় A ইউনিট (বিজ্ঞান গ্রুপ) থেকে উত্তীর্ণ পরীক্ষার্থীরা A, B এবং C ইউনিটে; B ইউনিট (মানবিক গ্রুপ) থেকে উত্তীর্ণ পরীক্ষার্থীরা B এবং C ইউনিটে এবং C ইউনিট (বাণিজ্য গ্রুপ) থেকে উত্তীর্ণ পরীক্ষার্থীরা B ও C ইউনিটে আবেদন করতে পারবে। A, B এবং C ইউনিটে বিভক্ত প্রতি বিভাগে আসন সংখ্যা নিম্নে উল্লেখ করা হলোঃ

২.১ A ইউনিটভুক্ত বিভাগসমূহ এবং আসন সংখ্যা (বিজ্ঞান)ঃ

বিভাগ	আসন
পদার্থবিজ্ঞান (PHY)	৬৫
রসায়ন (CHE)	৬৫
গণিত (MAT)	৮০
পরিসংখ্যান (STA)	৮০
কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (CSE)	১০০
কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং এন্ড পলিমার সায়েন্স (CEP)	৫০
ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রডাকশন ইঞ্জিনিয়ারিং (IPE)	৫০
সিভিল এন্ড এনভায়রনমেন্টাল ইঞ্জিনিয়ারিং (CEE)	৫০
ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং (EEE)	৫০
ফুড ইঞ্জিনিয়ারিং এন্ড টি টেকনোলজি (FET)	৪০
পেট্রোলিয়াম এন্ড মাইনিং ইঞ্জিনিয়ারিং (PME)	৩৫
ভূগোল ও পরিবেশ (GEE)	৫০
মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (MEE)	৩৫
সমুদ্রবিজ্ঞান (OCG)	৩০
সফ্টওয়্যার ইঞ্জিনিয়ারিং (SWE)	৫০
জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি (GEB)	৩৫
বায়োকেমিস্ট্রি এন্ড মলিকুলার বায়োলজি (BMB)	৩৫
ফরেস্ট্রি এন্ড এভায়রনমেন্টাল সায়েন্স (FES)	৫৫
আর্কিটেকচার (ARC)	৩০
মোট আসন সংখ্যা	**= ৯৮৫+৬৬ (কোটা) = ১০৫১**

২.২ **B ইউনিটভুক্ত বিভাগসমূহ এবং আসন সংখ্যা (বিজ্ঞান + মানবিক + বাণিজ্য):**

বিভাগ	আসন
অর্থনীতি (ECO)	৪০+২০+৬ = ৬৬
সমাজবিজ্ঞান (SOC)	৩০+৩০+৬=৬৬
পলিটিক্যাল স্টাডিজ (PSS)	২০+৪০+৬=৬৬
লোক প্রশাসন (PAD)	২০+৪০+৬=৬৬
নৃবিজ্ঞান (ANP)	২৫+৩৫+৬=৬৬
সমাজকর্ম (SCW)	২৫+৩৫+৬=৬৬
ইংরেজি (ENG)	২০+২৫+৫=৫০
বাংলা (BNG)	৫+৪৯+৬=৬০
মোট আসন সংখ্যা	**= ৫০৬+২৯ (কোটা) = ৫৩৫**

২.৩ **C ইউনিটভুক্ত বিভাগ এবং আসন সংখ্যা (বিজ্ঞান + মানবিক + বাণিজ্য):**

বিভাগ	আসন
ব্যবসায় প্রশাসন (BUS)	৩০+১০+৩৫=৭৫
মোট আসন সংখ্যা	**= ৭৫+৫ (কোটা) = ৮০**

উপরে উল্লেখিত কোটার আসন বিন্যাস: মুক্তিযোদ্ধার সন্তান (২৮ জন), ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/জাতিসত্তা/হরিজন-দলিত (২৮ জন), প্রতিবন্ধী (১৪ জন), চা শ্রমিক (০৪ জন), পোষ্য (২০ জন) এবং বিকেএসপি কোটায় (০৬ জন) সর্বমোট ১০০টি আসন সংরক্ষিত রয়েছে।

২.৪ আন্তর্জাতিক গণিত অলিম্পিয়াড, আন্তর্জাতিক ইনফরমেটিক্স অলিম্পিয়াড, আন্তর্জাতিক পদার্থবিজ্ঞান অলিম্পিয়াড এবং অন্যান্য স্বীকৃত আন্তর্জাতিক অলিম্পিয়াডে স্বর্ণ, রৌপ্য অথবা ব্রোঞ্জ মেডেল প্রাপ্ত শিক্ষার্থীরা GST তে আবেদন করা ছাড়াই সংশ্লিষ্ট বিষয়ে ভর্তির সুযোগ পাবে। তবে 'সংশ্লিষ্ট বিষয়' সম্পর্কে ভর্তি কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৩. **ভর্তির যোগ্যতা:**

GST তে উত্তীর্ণ (Eligible) পরীক্ষার্থীরা ভর্তির জন্য আবেদন করতে পারবে।

৩.১ **বিষয়গত যোগ্যতা:**

একটি নির্দিষ্ট বিভাগে ভর্তি হওয়ার জন্য এইচএসসি বা সমমানের পরীক্ষায় নীচে উল্লেখিত সংশ্লিষ্ট বিষয়ের প্রত্যেকটিতে ন্যূনতম GPA 3.5 কিংবা A লেভেলে ন্যূনতম B গ্রেড থাকতে হবে।

বিভাগ	সংশ্লিষ্ট বিষয়	বিভাগ	সংশ্লিষ্ট বিষয়
PHY, CSE IPE, ARC, EEE, MEE, SWE	পদার্থবিজ্ঞান, গণিত	SOC, SCW, PSS, PAD, ANP	সমাজবিজ্ঞান বা পৌরনীতি বা যুক্তিবিদ্যা বা অর্থনীতি বা সমাজকল্যাণ বা বাণিজ্যিক ভূগোল বা অর্থনীতি ও বাণিজ্যিক ভূগোল বা ইংরেজি অথবা বাণিজ্য বা বিজ্ঞান শাখার যে কোন বিষয়
CEE, CEP, PME, OCG	পদার্থবিজ্ঞান, রসায়ন, গণিত	ECO	অর্থনীতি বা গণিত বা পরিসংখ্যান বা অর্থনীতি ও বাণিজ্যিক ভূগোল বা ইংরেজি
CHE	রসায়ন, গণিত	BUS	অর্থনীতি বা গণিত বা পরিসংখ্যান অথবা বিজ্ঞান বা বাণিজ্য শাখার যে কোন বিষয়
GEB, BMB, FET	জীববিজ্ঞান, রসায়ন, গণিত	BNG	বাংলা
MAT, STA	গণিত		
FES	জীববিজ্ঞান, গণিত		
GEE	পদার্থবিজ্ঞান, রসায়ন		

৩.২ ইংরেজী বিভাগে ভর্তির জন্য HSC/সমমান পরীক্ষায় ইংরেজিতে 'A+' (5.0 out of 5.0) গ্রেড থাকতে হবে। A লেভেলে শিক্ষার্থীদের জন্য এ শর্ত প্রযোজ্য নয়।

৩.৩ A ইউনিট ভূক্ত বিষয়সমূহের মধ্যে ARC, CEP, CEE, CSE, EEE, FET, IPE, MEE, PME, SWE, CHE, MAT, OCG, PHY, STA বিষয়ে ভর্তির জন্য GST ভর্তি পরীক্ষায় গণিত বিষয়ে অংশগ্রহণ বাধ্যতামূলক। GEB, BMB বিষয়ে ভর্তির জন্য GST ভর্তি পরীক্ষায় জীববিজ্ঞান বিষয়ে অংশগ্রহণ বাধ্যতামূলক।

৩.৪ আর্কিটেকচার বিভাগে ভর্তিচ্ছু প্রার্থীকে ড্রয়িং ও স্থাপত্য বিষয়ক সাধারণ জ্ঞানের ৩০ নম্বরের ১ ঘন্টার একটি পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে এবং উক্ত পরীক্ষায় ন্যূনতম ৪০% নম্বর পেতে হবে। আর্কিটেকচার বিভাগে ভর্তির আবেদন প্রক্রিয়া, পরীক্ষার স্থান ও সময় পরবর্তীতে admission.sust.edu.bd সাইটের মাধ্যমে জানানো হবে।

৩.৫ বিদেশী শিক্ষার্থীদের ভর্তির আবেদনের জন্য HSC/সমমান পরীক্ষায় বাংলাদেশের মানদণ্ডে 'B' Grade এবং SAT Score ন্যূনতম ৭০০ থাকতে হবে।

৪. ভর্তির আবেদনের সময়, প্রক্রিয়া, পেমেন্ট ও বিভাগসমূহের পছন্দক্রম:

GST ওয়েবসাইটের **Apply to Individual University** লিংকে প্রবেশ করে অথবা সরাসরি admission.sust.edu.bd লিংকটি ব্যবহার করে আবেদন করা যাবে। আবেদনের ক্ষেত্রে নিম্নে উল্লেখিত বিষয়সমূহ বিশেষভাবে লক্ষণীয়:

৪.১ **আবেদনের সময়সীমা:** ১৭/১০/২০২২ তারিখ দুপুর ১২:০০ ঘটিকা হতে ২৭/১০/২০২২ তারিখ রাত ১১:৫৯ ঘটিকা পর্যন্ত আবেদন করা যাবে। ২৮/১০/২০২২ তারিখ রাত ১১:৫৯ ঘটিকা পর্যন্ত আবেদন ফি পরিশোধ করা যাবে।

৪.২ **লগইন:** আবেদনের জন্য GST Applicant ID এবং GST Password দিয়ে উল্লেখিত সাইটে Sign in করলে আবেদনকারী নিজস্ব Profile দেখতে পাবে। আবেদনকারীকে তার Profile থেকে ইউনিট, আর্কিটেকচার বিভাগে ভর্তি হতে ইচ্ছুক কিনা তার তথ্য ও কোটা সংক্রান্ত তথ্য দিয়ে আবেদন করতে হবে। কোটায় আবেদনকারীগণ একটিমাত্র কোটা ব্যবহার করতে পারবে। Ethnic Minority Quota (EMQ) কোটায় আবেদনকারীগণকে জাতিগোষ্ঠী সংক্রান্ত তথ্যও দিতে হবে।

৪.৩ **পেমেন্ট:** আবেদনকারীকে আবেদন ফি বাবদ ৫০০/- (পাঁচশত) টাকা (সার্ভিস চার্জ ব্যতিত) প্রদান করে আবেদন সম্পন্ন করতে হবে। তবে আর্কিটেকচার বিভাগে ভর্তি ইচ্ছুক আবদেনকারীগণ ড্রয়িং ও স্থাপত্য বিষয়ক সাধারণ জ্ঞানের পরীক্ষা ফি বাবদ অতিরিক্ত ৩০০/- (তিনশত) টাকাসহ ৮০০/- (আটশত) টাকা প্রদান করে আবেদন সম্পন্ন করতে হবে।

৪.৪ **বিভাগ পছন্দক্রম:** আবেদনকারীগণ তাদের দ্বারা নির্বাচিত ইউনিট সমূহের যে সকল বিভাগে Eligible তা একযোগে দেখতে পাবে। আবেদনকারীগণকে এই বিভাগসমূহের পছন্দক্রম সঠিকভাবে প্রদান করতে হবে। যেসব বিভাগে ভর্তি হতে ইচ্ছুক নয় সেগুলো বাতিল করতে হবে। আবেদনের সময়সীমা অতিক্রমের পর পছন্দক্রম পরিবর্তনের কোন প্রকার সুযোগ থাকবে না।

৪.৫ সচিত্র বিস্তারিত আবেদন পদ্ধতি admission.sust.edu.bd/applicationprocedure.pdf পেইজে পাওয়া যাবে।

৪.৬ ভর্তি সংক্রান্ত বিষয়ে কোন প্রশ্ন থাকলে ০১৫৫৫৫৫৫০০২-৪ হটলাইনে (সকাল ১০.০০ টা থেকে বিকাল ৫.০০ টা পর্যন্ত) অথবা admission.sust.edu.bd সাইটের Helpdesk এর মাধ্যমে যোগাযোগ করা যাবে।

৪.৭ আন্তর্জাতিক গণিত অলিম্পিয়াড, আন্তর্জাতিক ইনফরমেটিক্স অলিম্পিয়াড, আন্তর্জাতিক পদার্থবিজ্ঞান অলিম্পিয়াড এবং অন্যান্য স্বীকৃত আন্তর্জাতিক অলিম্পিয়াডে স্বর্ণ, রৌপ্য অথবা ব্রোঞ্জ মেডেল প্রাপ্ত শিক্ষার্থীদের প্রয়োজনীয় কাগজ-পত্র (পাসপোর্ট সাইজের রঙিন ছবি, নাগরিকত্ব সনদপত্র, এইচ.এস.সি পাশের সনদপত্র, অলিম্পিয়াডের সনদপত্র) মূল্যায়নের জন্য olympiad-application@sust.edu তে পাঠাতে হবে। পাঠানোর তারিখ পরবর্তীতে admission.sust.edu.bd সাইটের মাধ্যমে জানানো হবে। মূল্যায়নের পর তাদের সার্টিফিকেট ভর্তির যোগ্যতার মানদণ্ডে সঠিক আছে কি-না তা জানানো হবে। আবেদনকৃতদের মধ্য থেকে মেধার ভিত্তিতে শিক্ষার্থী ভর্তি করা হবে।

৪.৮ আবেদনে ইচ্ছুক বিদেশী শিক্ষার্থীদের প্রয়োজনীয় কাগজপত্র (পাসপোর্ট সাইজের রঙিন ছবি, নাগরিকত্ব সনদপত্র, এইচ.এস.সি পাশের সনদপত্র, SAT Score) মূল্যায়নের জন্য foreign-application@sust.edu তে পাঠাতে হবে। পাঠানোর তারিখ পরবর্তীতে admission.sust.edu.bd সাইটের মাধ্যমে জানানো হবে। মূল্যায়নের পর তাদের সার্টিফিকেট ভর্তির যোগ্যতার মানদন্ডে সঠিক আছে কি-না তা জানানো হবে। আবেদনকৃতদের মধ্য থেকে মেধার ভিত্তিতে শিক্ষার্থী ভর্তি করা হবে। উল্লেখ্য যে, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের ১ জানুয়ারী ২০১৯ এর জারীকৃত পত্র (ইউজিসি/প্রশাঃ/৪(৪)৭৩/১১-২(পার্ট ফিলে)/১২, তারিখঃ ১৭ জানুয়ারী ২০১৯) অনুযায়ী মনোনীত বিদেশী আবেদনকারীকে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পররাষ্ট্র মন্ত্রণালয় এবং শিক্ষা মন্ত্রাণালয়ের অনুমতিপত্র গ্রহণ করতে হবে।

৫. প্রার্থী বাছাই ও ভর্তি প্রক্রিয়া :

৫.১ আবেদনকারীদের গ্রুপ (বিজ্ঞান, মানবিক, বাণিজ্য) ভিত্তিক মেধাক্রম ও বিভাগসমূহের পছন্দক্রম অনুসারে আবেদনকারীকে ভর্তিযোগ্য বিভাগ Assign করা হবে। মেধা তালিকা তৈরীর ক্ষেত্রে GST পরীক্ষয় প্রাপ্ত নম্বর বিবেচনায় নেওয়া হবে। তবে আর্কিটেকচার বিভাগের মেধা তালিকা তৈরির ক্ষেত্রে GST পরীক্ষায় প্রাপ্ত নম্বর এবং ড্রয়িং ও স্থাপত্য বিষয়ক সাধারণ জ্ঞানের পরীক্ষার নম্বর বিবেচনায় নেওয়া হবে।

৫.২ সীট খালি থাকা সাপেক্ষে মাইগ্রেশন পদ্ধতি চলমান থাকবে।

৫.৩ সমূদয় ভর্তি প্রক্রিয়া দুই ধাপে সম্পন্ন হবে। প্রাথমিক পর্যায়ে ভর্তি প্রক্রিয়া ফি বাবদ ৫০০০/- (পাঁচ হাজার) টাকা (পরবর্তীতে সমন্বয় করা হবে) জমা দিয়ে এসএসসি বা সমমান ও এইচএসসি বা সমমান পরীক্ষার মূল মার্কশিট জমা দিতে হবে। সংরক্ষিত আসনে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক সরবরাহকৃত মূল সনদপত্র সঙ্গে আনতে হবে।

৫.৪ দ্বিতীয় ধাপে চুড়ান্ত পর্যায়ে ভর্তি ফির অবশিষ্ট (৫০০০/- টাকা সমন্বয়ের পর) জমা দিয়ে ভর্তি নিশ্চিত করতে হবে।

৫.৫ প্রতিবন্ধী কোটায় প্রতিবন্ধীদের ধরণ, মাত্রা ও বিভাগসমূহের সুযোগ-সুবিধা বিবেচনা করে এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/ জাতিসত্ত্বা/হরিজন-দলিত কোটায় স্ব স্ব জাতিগোষ্ঠী থেকে মেধার ভিত্তিতে ১ (এক) জন করে যাচাই বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে শিক্ষার্থী ভর্তি করা হবে। সংশ্লিষ্ট কোটায় নির্ধারিত আসন খালি থাকলে পুনরায় মেধার ভিত্তিতে ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/জাতিসত্ত্বা/হরিজন-দলিত কোটায় শিক্ষার্থী ভর্তি করা হবে।

৫.৬ ভর্তির আবেদন সংক্রান্ত কোন তথ্য মিথ্যা, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে আবেদনটি সরাসরি বাতিল হয়ে যাবে। ভর্তির পরে আবেদনপত্রে কোন ভুল/ মিথ্যা তথ্যা ধরা পড়লেও ভর্তিকৃত শিক্ষার্থীর ভর্তি বাতিল হবে ও মিথ্যা তথ্য প্রদানের বিষয় প্রমাণিত হলে সংশ্লিষ্ট পরীক্ষার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে। ভর্তির পূর্বে সকল শিক্ষার্থীকে ডোপ টেস্টের আওতায় আনা হবে। কোন শিক্ষার্থী ডোপ টেস্টে মাদকাসক্ত প্রমাণিত হলে ভর্তির সুযোগ হারাবে।

৬. ভর্তিকৃত সকল শিক্ষার্থীদেরকে স্বাস্থ্যবীমার আওতায় আনা হবে।

৭. ভর্তি সংক্রান্ত যে কোন বিষয়ে ভর্তি কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।